

# SEAL BROKEN, AFFIXING AND REPLACING POLICY

Issue Date	01/01/2019
Revision No	01
Total Pages	Two (02)

		<b>Signature</b>
Written by:	Manager Compliance	
Review & Approved By:	Sr. Manager Admin	

## কন্টেইনার সিল/বোল্ট সিল/কার্গো ভ্যান সিল রক্ষণাবেক্ষণ/বোল্ট সিল প্রতিস্থাপন/পরিবর্তন পদ্ধতি

- সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে বোল্ট সিল আসার পর স্টোর ম্যানেজারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত বোল্ট সিল গুলি গ্রহণ করে থাকে।
- বোল্ট সিলগুলি গ্রহণ করার পূর্বে যে কার্টন বা প্যাকেটে বোল্ট সিলগুলি আসিয়াছে সেই কার্টন/ প্যাকেট কোন ছেঁড়া/ ফাটা/ অসামঞ্জস্য ও ওজনের মধ্যে কোন তারতম্য আছে কিনা তাহা স্টোর ম্যানেজারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যাচাই করে থাকে।
- বোল্ট সিল এর প্যাকেট/ কার্টন ইনভেন্ট্রি করা হয় এবং ডকুমেন্টে উল্লেখিত বোল্ট সিল এর বিবরণ এর সহিত ফিজিক্যাল এর ইনভেন্ট্রির (বোল্ট সিল) সাথে মিল আছে কিনা তাহা দেখা হয়।
- বোল্ট সিল গুলি গ্রহণ করার সময় নাম্বার স্পষ্ট কিনা তাহা ভালভাবে দেখা হয়।
- বোল্ট সিল গুলি ইনভেন্ট্রি করার পর সংখ্যা/ পরিমাণ ও নাম্বার ইত্যাদি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করা হয়।
- সিল কন্ট্রোল লগ ৬ মাস সংরক্ষিত রাখা হয়।
- বোল্ট সিল গুলির নিরাপত্তার কথা বিবেচনা করে আলমারী/ ড্রয়ার অথবা নিরাপদ জায়গায় ভালভাবে তালা মেয়ে রাখা হয় উক্ত আলমারী/ ড্রয়ারের চাবি কর্মশিয়ালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এর কাছে সংরক্ষিত থাকে।
- কার্গো ভ্যান/ কন্টেইনার এর জন্য বোল্ট সিল ইস্যু করার পূর্বে :-
  - (ক) যে ব্যাল্ক/ আলমারিতে/ কক্ষে বোল্ট সিল রক্ষিত আছে সেই ব্যাল্ক/ আলমারি/ কক্ষের তালা যথাযথ আছে কিনা তাহা পরীক্ষা করিতে হইবে এবং যথাযথ না থাকিলে স্টোর ম্যানেজারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি /কারখানা ব্যবস্থাপক/ ব্যবস্থাপক প্রশাসন/ নির্বাহী পরিচালক এবং সিকিউরিটি ইনচার্জকে জানাইতে হইবে।
  - (খ) বোল্ট সিলের রিসিভিং এবং ইস্যু রেজিস্ট্রার অনুযায়ী যে পরিমাণ, সংখ্যা ও মান অনুযায়ী বোল্ট সিল থাকার কথা তাহা আছে কিনা পরীক্ষা করিয়া দেখিতে হইবে যদি না থাকে তাহলে স্টোর ম্যানেজারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি /কারখানা ব্যবস্থাপক/ব্যবস্থাপক প্রশাসন/নির্বাহী পরিচালক এবং সিকিউরিটি ইনচার্জকে জানাইতে হইবে।
- কোন কন্টেইনার/কার্গো ভ্যান এ কোন বোল্ট সিল হবে তাহা স্টোর ম্যানেজারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ঠিক করে থাকে এবং রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে থাকে।
- ব্যবহারের পূর্বে বোল্ট সিল ভাঙ্গা পাওয়া গেলে সিকিউরিটি ম্যানেজার/ ইনচার্জকে অবহিত করা হয়।
- যদি কোন কারণে বোল্ট সিল প্রতিস্থাপন/ পরিবর্তন করা হয় (যদি প্রয়োজন হয়) তাহলে কি কারণে পরিবর্তন করা হয়েছে তাহা তদন্ত সাপেক্ষে রিপোর্ট করা হয়।
- পরিবর্তনকৃত বোল্ট সিলটি স্টোর ম্যানেজারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট সংরক্ষণ করা হয়।
- কর্মশিয়ালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ও সিকিউরিটি ইনচার্জ উক্ত প্রক্রিয়াটি সম্পন্ন করে থাকে।
- ব্যবহারের পূর্বে সিল ভাঙ্গা পাওয়া গেলে সিকিউরিটি ম্যানেজার/ সিকিউরিটি ইনচার্জকে অবহিত করতে হবে। সিকিউরিটি ম্যানেজার উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করিবে।
- বোল্ট সিল ব্যবহার করার পরে পথিমধ্যে যদি বোল্ট সিল ভাঙ্গা পাওয়া যায় তাহা হইলে সিকিউরিটি ম্যানেজার তদন্ত করবে। মালামালগুলি ঠিক আছে কিনা চেক করবে। যদি সব কিছু ঠিক থাকে তাহা হইলে নতুন বোল্ট সিল লাগানো হয় এবং ভাঙ্গা বোল্ট সিল সংরক্ষণ করা হয়। রেজিস্ট্রার মেইনটেইন করা হয়।